গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭২/২০১৯-২০২০
ঢাকা ২০ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ২০২০, ৭ ফাল্গুন ১৪২৬

১। রাষ্ট্রপতির কাছে পাকিস্তানি দূতের পরিচয়পত্র পেশ
২। সমুদ্রতীর ঘেঁষে উচ্চ স্থাপনা নির্মাণের অনুমতি দেব না :
ট্যুরিজম পার্কের মাস্টার প্ল্যান উপস্থাপনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। বাংলাদেশের বিমান ও সমুদ্রবন্দর সুবিধা গ্রহণে নেপালের প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর
৪। আজ একুশে পদক প্রদান করবেন প্রধানমন্ত্রী
৫। মার্চের শেষ সপ্তাহে জাপান যাচ্ছেন প্রধানমন্ত্রী
৬। খালেদা জিয়ার জামিনের বিষয় নিয়ে সিদ্ধান্ত নেবে আদালত : সেতুমন্ত্রী
৭। মুজিববর্ষে অপরাজনীতি নির্মূল করতে শপথ নেয়ার আহ্বান তথ্যমন্ত্রীর
৮। ডাকঘর সঞ্চয় স্কিমের সুদহার বিবেচনার আশ্বাস অর্থমন্ত্রীর
৯। ৯শ' ৯ কোটি টাকার তেল ও চিনিসহ ৮ ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন
১০। সরকারি ক্রয়ে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে : পরিকল্পনামন্ত্রী
১১। সিঙ্গাপুরে করোনা ভাইরাসে আক্রান্ত এক বাংলাদেশির অবস্থা আশঙ্কাজনক : পররাষ্ট্রমন্ত্রী
১২। করোনাভাইরাস নিয়ে গুজব ছড়ানো হচ্ছে যা কাম্য নয় : স্বাস্থ্যমন্ত্রী
১৩। ওআইসিকে শক্তিশালী করতে চাই : ওআইসি সংস্কার সংক্রান্ত অধিবেশনে পররাষ্ট্রমন্ত্রী
১৪। বিনিয়োগ বৃদ্ধিতে বাংলাদেশ-জাপান যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের সিদ্ধান্ত
১৫। নদীতীরের ধর্মীয় প্রতিষ্ঠান উচ্ছেদ নয়, সমন্বয় করতে চাই : নৌ প্রতিমন্ত্রী
১৬। শীঘ্রই সিলেট-চট্টগ্রাম-কক্সবাজার রুটে সরাসরি ফ্লাইট চালু হবে : সিলেটে বিমান প্রতিমন্ত্রী
১৭। মুজিববর্ষে ১ লাখ নতুন নারী উদ্যোক্তা তৈরি করা হবে :
জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠানে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী
১৮। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সুস্থ সবল যুবসমাজের বিকল্প নেই : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৯। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহীদ মিনারে থাকবে চার স্তরের নিরাপত্তা

১। রাষ্ট্রপতির কাছে পাকিস্তানি দূতের পরিচয়পত্র পেশ

বাংলাদেশে নবনিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান আহমেদ সিদ্দিকি গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে তার পরিচয়পত্র পেশ করেছেন। রাষ্ট্রপতি বাংলাদেশে তাকে স্বাগত জানিয়ে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রণীত পররাষ্ট্রনীতি হচ্ছে, 'সকলের সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়'। বাংলাদেশ সব সময় সকল রাষ্ট্রের সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে চলেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

২। সমুদ্রতীর ঘেঁষে উচ্চ স্থাপনা নির্মাণের অনুমতি দেব না :
ট্যুরিজম পার্কের মাস্টার প্ল্যান উপস্থাপনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজার সমুদ্রের তীরে উচ্চ স্থাপনা নির্মাণ না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়ে বলেন, আমরা সমুদ্রের তীর ঘেঁষে উচ্চ স্থাপনা নির্মাণের অনুমতি দেব না। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) প্রধানমন্ত্রী তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে কক্সবাজার এলাকায় নির্মাণাধীন তিনটি স্পেশাল ট্যুরিজম পার্কের (বিশেষ পর্যটন উদ্যান) মাস্টার প্ল্যান অবলোকনকালে এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রী ভূমিকম্প, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের মতো দুর্যোগ সহনশীল করে ট্যুরিজম পার্কের বিভিন্ন স্থাপনা নির্মাণের জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, এ অঞ্চলের প্রাকৃতিক সৌন্দর্য অক্ষুণ্ন রেখেই ট্যুরিজম পার্ক নির্মাণ করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **অবজারভবর** (শেষ পৃ.,ক.৪)।

৩। বাংলাদেশের বিমান ও সমুদ্রবন্দর সুবিধা গ্রহণে নেপালের প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের বিমানবন্দর ও সমুদ্রবন্দর সুবিধা গ্রহণের জন্য নেপালের প্রতি আহ্বান জানিয়েছেন। সফররত নেপালের পররাষ্ট্রমন্ত্রী প্রদীপ কুমার গেওয়ালী গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে (পিএমও) সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ সবসময়ই প্রতিবেশী রাষ্ট্রের সঙ্গে সহযোগিতাকে অগ্রাধিকার দিয়ে থাকে। এ অঞ্চলের দেশগুলোর মধ্যে সংযোগ স্থাপনের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার সৈয়দপুর আন্তর্জাতিক বিমানবন্দরকে আঞ্চলিক কেন্দ্র হিসেবে গড়ে তুলছে। তিনি বলেন, নেপাল এবং ভুটান সৈয়দপুর বিমানবন্দর এবং চট্টগ্রাম ও মোংলা সমুদ্রবন্দরকে পারস্পরিক সুবিধার স্বার্থে ব্যবহার করতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভবর** (শেষ পৃ.,ক.৮)।

৪। আজ একুশে পদক প্রদান করবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২০ ব্যক্তি এবং একটি প্রতিষ্ঠানের মধ্যে 'একুশে পাদক ২০২০' প্রদান করবেন। তিনি সাড়ে ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সংস্কৃতি মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে দেশের দ্বিতীয় সর্বোচ্চ এ সম্মাননাপ্রাপ্ত ব্যক্তি এবং প্রতিষ্ঠানের মাঝে এ পদক বিতরণ করবেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৫। মার্চের শেষ সপ্তাহে জাপান যাচ্ছেন প্রধানমন্ত্রী

বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো এগিয়ে নিতে মার্চের শেষ সপ্তাহে জাপান সফরে যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ৩০-৩১ মার্চ সফরটি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সফরকালে বাংলাদেশ ও জাপানের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

৬। খালেদা জিয়ার জামিনের বিষয় নিয়ে সিদ্ধান্ত নেবে আদালত : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দুর্নীতির দায়ে সাজাপ্রাপ্ত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন ইস্যুটি পুরোটাই আদালতের বিষয়। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা বিভাগের অধীন সব সাংগঠনিক জেলা, মহানগর সভাপতি ও সাধারণ সম্পাদকদের নিয়ে আয়োজিত বিশেষ যৌথ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, খালেদা জিয়ার জামিনের ব্যাপারে আদালতে আবেদন করা হয়েছে। আদালতই বিষয়টি ঠিক করবে। এটা কোনো রাজনৈতিক মামলা নয়, এটা দুর্নীতির মামলা। দুর্নীতির মামলায় যেটা হওয়ার সেটাই হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৭। মুজিববর্ষে অপরাজনীতি নির্মূল করতে শপথ নেয়ার আহ্বান তথ্যমন্ত্রীর

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ মুজিববর্ষে অপরাজনীতি ও সাম্প্রদায়িক অপশক্তিকে নির্মূল করার লক্ষ্যে নতুন করে শপথ নেয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর জাতীয় প্রেসক্লাবে ঢাকা জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের (ডিজেএ) পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, খালেদা জিয়ার অসুস্থতাকে পুঁজি করে বিএনপি রাজনীতি করতে চায়। তারা খালেদা জিয়ার মুক্তি চায় না। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৮। ডাকঘর সঞ্চয় স্কিমের সুদহার বিবেচনার আশ্বাস অর্থমন্ত্রীর

ডাকঘর সঞ্চয় স্কিমের সুদহারের বিষয়টি পুনর্বিবেচনা করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। তিনি বলেন, যেহেতু ডাকঘর সঞ্চয় স্কিমের সুদের হার প্রায় অর্ধেকে কমিয়ে আনা নিয়ে কথাবার্তা হচ্ছে, তাই বিষয়টি পুনর্বিবেচনা করা হবে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৯। ৯শ' ৯ কোটি টাকার তেল ও চিনিসহ ৮ ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

স্থানীয় বাজার থেকে দরপত্রের মাধ্যমে পরিশোধিত সয়াবিন তেল ও চিনি সরাসরি ক্রয়সহ ৮টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে প্রায় ৯০৯ কোটি টাকা। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্ব ক্রয় কমিটির এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র- **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

১০। সরকারি ক্রয়ে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে : পরিকল্পনামন্ত্রী

সরকারি কেনাকাটায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার তাগিদ দিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি বলেন, জনগণের কষ্টার্জিত অর্থের সর্বোচ্চ এবং সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে নিজের দায়িত্ব পালন করতে হবে। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর হোটেল র‍্যাডিসনে এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে প্রকল্প-সংশ্লিষ্ট এবং মন্ত্রণালয় ও বিভাগের কেনাকাটার সঙ্গে জড়িত কর্মকর্তাদের উদ্দেশে এ নির্দেশনা দেন পরিকল্পনামন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

১১। সিঙ্গাপুরে করোনা ভাইরাসে আক্রান্ত এক বাংলাদেশির অবস্থা আশঙ্কাজনক : পররাষ্ট্রমন্ত্রী

সিঙ্গাপুরে করোনাভাইরাসে আক্রান্ত এক বাংলাদেশির অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেন, সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ব্রিভিয়ান বালাকৃষ্ণন তাকে টেলিফোনে জানান, ৩৯ বছরের ঐ বাংলাদেশি চিকিৎসায় সাড়া দিচ্ছেন না। তার অবস্থা আশঙ্কাজনক। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) একটি বিশেষ বৈঠক উদ্বোধনের পর সাংবাদিকদের কাছে পররাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

১২। করোনাভাইরাস নিয়ে গুজব ছড়ানো হচ্ছে যা কাম্য নয় : স্বাস্থ্যমন্ত্রী

করোনাভাইরাস নিয়ে গুজব ছড়ানোর চেষ্টা চলছে এমন অভিযোগ করেছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, করোনাভাইরাস নিয়ে কিছু মানুষ গুজব ছড়ানোর চেষ্টা করছে। মুরগির মাংস খাওয়া, মাস্ক ব্যবহার করা থেকে শুরু করে বিদেশফেরত সুস্থ মানুষকে নিয়ে গুজব ছড়ানোর চেষ্টা করা হচ্ছে, যা কোনোভাবেই কাম্য নয়। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর মহাখালীতে নার্সিং অধিদপ্তরের নতুন ভবন পরিদর্শকালে তিনি এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.৫,ক.১), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

১৩। ওআইসিকে শক্তিশালী করতে চাই : ওআইসি সংস্কার সংক্রান্ত অধিবেশনে পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, ওআইসিকে শক্তিশালী করতে চাই। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) ঢাকায় ওআইসি'র বিস্তৃত সংস্কারের আয়োজিত এক অধিবেশনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি আরো বলেন, কৌশলগত পন্থা অবলম্বন করে শান্তি ও স্থিতিশীলতার সঙ্গে মুসলিম বিশ্বের দ্রুত বিকাশে কাজ করতে হবে। সূত্র- **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

১৪। বিনিয়োগ বৃদ্ধিতে বাংলাদেশ-জাপান যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের সিদ্ধান্ত

বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে বাংলাদেশ-জাপান যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, জাপানের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগের প্রচুর সম্ভাবনা আছে। দুই দেশ জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন করে বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে সমস্যাগুলো চিহ্নিত করে তা সমাধান করা সম্ভব। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকির সঙ্গে মতবিনিময়ের সময় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **সমকাল** (পৃ.১২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

১৫। নদীতীরের ধর্মীয় প্রতিষ্ঠান উচ্ছেদ নয়, সমন্বয় করতে চাই : নৌ প্রতিমন্ত্রী

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী বলেছেন, নদীতীরের ধর্মীয় প্রতিষ্ঠানগুলো আমাদের অনুভূতির সঙ্গে যুক্ত। সেগুলোর সমন্বয়ের লক্ষে ইসলামিক চিন্তাবিদ ও যারা ধর্মপ্রচার করে থাকেন- তাদের সঙ্গে আলোচনা করেছি। ধর্মীয় প্রতিষ্ঠানগুলো উচ্ছেদ নয়, সেগুলোর সমন্বয় করতে চাই। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে নদীর তীরভূমিতে বিদ্যমান ধর্মীয় প্রতিষ্ঠানসহ অন্যান্য স্থাপনা পুনঃস্থাপন সংক্রান্ত বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

১৬। শীঘ্রই সিলেট-চট্টগ্রাম-কক্সবাজার রুটে সরাসরি ফ্লাইট চালু হবে : সিলেটে বিমান প্রতিমন্ত্রী

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী বলেছেন, শীঘ্রই সিলেট-চট্টগ্রাম-কক্সবাজার রুটে সরাসরি ফ্লাইট চালু হবে। সিলেটের মতো চট্টগ্রামের মানুষও সরাসরি ফ্লাইট চান। সবার সুবিধার্থে সিলেট থেকে চট্টগ্রামে ফ্লাইট চালুর উদ্যোগ নেয়া হচ্ছে। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) সিলেট নগরীর মির্জাজাঙ্গাল এলাকায় এক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

১৭। মুজিববর্ষে ১ লাখ নতুন নারী উদ্যোক্তা তৈরি করা হবে :
জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠানে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মুজিববর্ষে সারাদেশে নতুন ১ লাখ নারী উদ্যোক্তা তৈরি করা হবে বলে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্যকলা মিলনায়তনে 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক ঢাকা বিভাগের শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **অবজারভবর** (পৃ.৩,ক.১)।

১৮। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সুস্থ সবল যুবসমাজের বিকল্প নেই : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সুস্থ সবল যুবসমাজের বিকল্প নেই। গতকাল (১৯ ফেব্রুয়ারি বুধবার) নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)।

১৯। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহিদ মিনারে থাকবে চার স্তরের নিরাপত্তা

আগামীকাল শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারকে ঘিরে চার স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার মোহা. শফিকুল ইসলাম। গতকাল কেন্দ্রীয় শহিদ মিনারের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা তদারকির পর উপস্থিত সাংবাদিকদের তিনি এ কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের অধিকাংশ বেইলি ব্রিজ ঝুঁকিপূর্ণ হলেও মাত্রাতিরিক্ত মালামাল বোঝাই করে বিভিন্ন যানবাহন চলাচল করছে উল্লেখ করে অবিলম্বে এগুলো অগ্রাধিকার ভিত্তিতে কংক্রিটের ব্রিজে রূপান্তর করার সুপারিশ।

খ. **যায়যায়দিন :** পরিবহণে চলাচল করার সময় ৯৪ শতাংশ নারী মৌখিক, দৈহিক বা অন্য যেকোনো ধরনের যৌন হয়রানির শিকার হন এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে নারীর যথাযথ নিরাপত্তা নিশ্চিতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ** : দীর্ঘদিন বন্ধ থাকা মালয়েশিয়ার শ্রমবাজার খুললেও শতকোটি টাকার ফায়দা লুটতে একটি সিন্ডিকেট এখন থেকেই সক্রিয় হয়ে অপতৎপরতা চালাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে সজাগ দৃষ্টি রাখার সুপারিশ।

ঘ. **বণিক বার্তা** : দেশে ৮০ শতাংশ ফৌজদারি মামলাই জমিসংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে ভূমি ব্যবস্থাপনা পুরোপুরি ডিজিটালাইজেশনের মধ্যে নিয়ে এলে ভূমিসংক্রান্ত হয়রানি বন্ধ হবে বলে মতামত প্রকাশ।

ঙ. **ইনকিলাব** : নাগরিকদের জীবন-যাপনের ব্যয়ের দিক থেকে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান শীর্ষে, মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক অর্থনীতি ও বাণিজ্য বিষয়ক ম্যাগাজিন সিইও ওয়ার্ল্ডের এক জরিপ প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে ব্যয়বাহুল্য নিয়ন্ত্রণে সমন্বিত ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **অবজারভার** : দেশের অর্থনীতির জন্য ইতিবাচক ফুল উৎপাদনকারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ ও প্রণোদনা দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** ডেঙ্গু প্রতিরোধে রাজধানীকে পরিচ্ছন্ন করে তোলার ওপর গুরুত্বারোপ।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাভাষার মর্যাদা বৃদ্ধিতে প্রত্যেকটি বাঙালি সাধ্যমতো আত্মনিয়োগ করুক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের শুভ মুহূর্তে এটিই আমাদের অঙ্গীকার হোক।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'বই পড়া সংস্কৃতির অঙ্গ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বইপড়া শুধু একজন পাঠককে জ্ঞানী করে তুলবে না, তাকে এমন এক জগতের সঙ্গে পরিচিত করবে, যে জগৎটি সারা বিশ্বের রুচিশীল মানুষের ভালোবাসায় পরিপূর্ণ।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা